বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৮.৮৫

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ।
১০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বিএডিসি'র উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত ৩৫ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সকল উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে ৩৫তম মাসিক সমন্বয় সভা বিগত ৩০ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন **(পেন্ডিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ ছকসহ)** আগামী ২০ জুন ২০১৮ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০.০৬.১৮

মোঃ শাহিন মিয়া
উপসচিব (অঃ দাঃ)
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত/),বিএডিসি, ঢাকা।
০২ প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (ডাল ও তৈল বীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
০৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৯. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু),বিএডিসি, ঢাকা।
১১. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
১২. ড. মোঃ রেজাউল করিম, প্রকল্প পরিচালক ও প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর, বিএডিসি, ঢাকা।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/ বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত ৩৫ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	৩০ মে ২০১৮ খ্রিস্টাব্দ; সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট - ক।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) বিগত ১৭ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩৪ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মিতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (সমন্বয়) বিগত ১৭ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৩৪ তম মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০১.	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত।	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভাকে অবহিত করা হয়, সংস্থাপন অফিসার ০২টি, সাধারণ পরিচর্যা অফিসার ০২টি, সহকারী হিসাব নিয়ন্ত্রক ০৪ টি, সহকারী প্রকৌশলী ২১টি, উপসহকারী প্রকৌশলী ৫১ টি, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে ৪১০টি পদের নিয়োগের লিখিত পরীক্ষা বিগত ১১/০৫/২০১৮ তারিখে IBA, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে গ্রহণ করা হয়েছে। নিয়োগের পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। রাজস্ব বাজেটভুক্ত গাড়ী চালক ২৪টি, ট্রাক ড্রাইভার ৩০টি, স্পীড বোট ড্রাইভার ০২ টি, ট্রাক্টর ড্রাইভার ২৭টি মোট ৮৩টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। চতুর্থ শ্রেণির পিয়ন পদে ২০১ টি এবং দারোয়ান/গার্ড পদে ২৩০টি সহ মোট ৪৩১টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। এছাড়া আদালতের নিষেধাজ্ঞার কারণে সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) এর ২টি পদে নিয়োগ স্থগিত রাখা হয়েছে। ক্ষুদ্রসেচ উইং এর সকল কারিগরি পদ পূরণের বিষয়ে প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) সভায় গুরুত্বারোপ করেন। এ বিষয়ে যুগ্মসচিব (নিওক) সভায় জানান যে, শূন্য পদে	ক. বিএডিসি'র শূন্য পদের বিপরীতে চলমান সকল নিয়োগ প্রক্রিয়া প্রযোজ্য ক্ষেত্রে আদালতের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক দ্রুত সম্পন্ন করতে হবে। খ. সংস্থাপন অফিসার ০২টি, সাধারণ পরিচর্যা অফিসার ০২টি, সহকারী হিসাব নিয়ন্ত্রক ০৪ টি, সহকারী প্রকৌশলী ২১টি, উপসহকারী প্রকৌশলী ৫১টি, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ৪১০টি পদে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। গ.ক্ষুদ্রসেচ উইং এর সহকারী মেকানিক, মেকানিক ও অন্যান্য কারিগরি শূন্য পদে নিয়োগের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। ঘ. পদোন্নতি, অবসরজনিত কিংবা অন্য কোন কারণে পদ শূন্য হলে শূন্য পদ পূরণে বিধিগতভাবে দ্রুত সময়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, আইন বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		নিয়োগের নিমিত্ত ছাড়পত্রের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে । কৃষি মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গেলে দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সভাপতি সহকারী মেকানিক, মেকানিক ও অন্যান্য কারিগরি শূন্য পদে নিয়োগের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ এর জন্য নিয়োগ ও কল্যাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
০২.	পেন্ডিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে বিভিন্ন বিভাগ হতে সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তরে যথাসময়ে পত্রের জবাব প্রেরণ করা হচ্ছে। সভাপতি চিঠিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সকল বিভাগীয় প্রধানকে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্ধারিত ছক মোতাবেক চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত তথ্য সমন্বয় বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	পেন্ডিং চিঠিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল চিঠিপত্রের জবাব মন্ত্রণালয় ও বিভিন্ন বিভাগ/দপ্তরে প্রেরণ করতে হবে।	সকল বিভাগ।
০৩.	আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত	সভায় আইন বিভাগ হতে জানানো হয়, সুপ্রিমকোর্টসহ ঢাকার বিভিন্ন আদালতে বিএডিসি'র ৫২৯ টি মামলা বিচারাধীন রয়েছে। তন্মধ্যে আপিল বিভাগে বিচারাধীন মামলা ৮৩ টি, হাইকোর্ট বিভাগে ৩৪৬টি, ঢাকা জেলা জজ ও অধীনস্ত আদালতে ১০০টি মামলা বিচারাধীন রয়েছে। বিচারাধীন এসব মামলার মধ্যে চাকুরি হতে স্বেচ্ছাবসর সংক্রান্ত ৫৭টি, অব্যাহতি সংক্রান্ত ৬৪টি, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত ৫৩টি, জমির মালিকানা ও গুদামের দখল সংক্রান্ত ৪৯টি, বিভাগীয় দন্ডাদেশ চ্যালেঞ্জ সংক্রান্ত ৫৯টি। এছাড়াও ঢাকার বাহিরে বিভিন্ন আদালতে ১৮৬টি মামলা বিচারাধীন রয়েছে। সভাপতি বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য আইন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি মাসিক সমন্বয় সভায় আদালতে বিএডিসি'র বিচারাধীন মামলা সংক্রান্ত তথ্য উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।	বিএডিসি'র মামলা সংক্রান্ত তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া, বিএডিসি'র মামলাসমূহ যথাযথভাবে মনিটর করতে হবে। যে সমস্ত মামলার রায়/ডিক্রী সংস্থার বিপক্ষে হয় সেগুলোতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিতে হবে। বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	আইন বিভাগ।
০৪.	বিভাগীয় মামলা সংক্রান্ত।	এ বিষয়ে আলোচনাকালে যুগ্মসচিব (সংস্থাপন) সভাকে অবহিত করেন যে, বর্তমানে বিএডিসি'র ৬১ টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। মার্চ ২০১৮ মাসে একটি বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি বিএডিসি'র বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পন্ন করার জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পন্ন করার নিমিত্ত তদন্ত প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তাগণকে আরো সচেষ্ট হতে হবে।	সংস্থাপন বিভাগ/তদন্ত বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০৫.	বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ মনিটরিং সংক্রান্ত।	সভায় মনিটরিং বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ মনিটরিং এর নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর মনিটরিং করে চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন। সার ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে, নোয়াখালী জেলার চৌমুহনীতে সার ব্যবস্থাপনা উইং এর দুটি গুদাম রয়েছে । উক্ত দু'টি গুদামে ভাড়াটিয়া কর্তৃক মামলা রয়েছে। সভাপতি নোয়াখালী জেলার চৌমুহনীতে অবস্থিত বিএডিসি'র সার গুদামসমূহ বিএডিসি'র দখলে আনার নিমিত্ত যথাযথ পদক্ষেপ অব্যাহত রাখার জন্য মহাব্যবস্থাপক (সার) কে নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর মনিটরিং করে চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে। খ. নোয়াখালী জেলার চৌমুহনীতে অবস্থিত বিএডিসি'র সার গুদাম বিএডিসি'র দখলে আনার নিমিত্ত যথাযথ পদক্ষেপ অব্যাহত রাখতে হবে হবে।	মনিটরিং বিভাগ, সার ব্যবস্থাপনা বিভাগ।
০৬.	বিএডিসি'র নথিসমূহ সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিসমূহ অপসারণ সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার অডিট বিভাগ, নির্মাণ বিভাগ এবং সাধারণ পরিচর্যা বিভাগের নথিসমূহ শ্রেণীবিন্যাসকরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। উক্ত বিভাগগুলোর অপ্রয়োজনীয় নথিসমূহ দ্রুত ধ্বংসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। রেকর্ডরুমে রক্ষিত নথি/রেজিস্টারের মধ্যে অধিকাংশই হিসাব বিভাগের। হিসাব বিভাগের রেজিস্টার/গাড ফাইল অপসারণ করা হলে রেকর্ডরুম অনেকাংশে পরিস্কার হবে। উক্ত নথি/রেজিস্টার/গাড ফাইল অপসারণের জন্য ইতোমধ্যে একাধিকবার পত্র প্রেরণ করা হয়েছে। সার ব্যবস্থাপনা বিভাগের সংরক্ষণ ও পরিবহন শাখাকে রেকর্ডরুমে রক্ষিত নথিসমূহ সুবিন্যস্তকরণ ও শ্রেণীবিন্যাসকরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য তাগিদপত্র দেয়া হয়েছে। তাছাড়া, নতুন পাঁচটি বিভাগকে শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম শুরু করার জন্য পত্র দেয়া হয়েছে। সভাপতি মহোদয় রের্কডরুমের শ্রেণীবিন্যাসকৃত নথিসমূহ কমিটি কর্তৃক ধ্বংসের নির্দেশনা প্রদান করেন ।	ক. বিএডিসি'র কেন্দ্রীয় রের্কডরুমের নথিপত্র সংশ্লিষ্ট বিভাগকে সুবিন্যস্ত করতে হবে। খ. রের্কডরুমের পুরাতন সুবিন্যস্ত নথিসমূহ কমিটি গঠনপূর্বক ধ্বংসের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	সওব্য বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ/সংশ্লিষ্ট বিভাগ।
০৭.	বিএডিসি'র কর্মকর্তা/ কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক প্রদান সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, এপ্রিল ২০১৮ মাসে ৪০ জন কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক এর আবেদন পাওয়া গেছে এবং ১৭২ জন কর্মকর্তা/কর্মচারীকে আনুতোষিকের মঞ্জুরি প্রদান করা হয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক দ্রুত প্রদানের জন্য নির্দেশনা প্রদান	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিকের আবেদন, আনুতোষিক মঞ্জুরি এবং চেক প্রদানের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে যথাসময়ে তাদের প্রাপ্যাদি ...	অর্থ বিভাগ, হিসাব বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		করেন।	পারে এ সম্পর্কে অর্থ বিভাগ ও হিসাব বিভাগকে আরো সচেষ্ট হতে হবে।	
০৮.	বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার ১৫৬টি অকেজো গাড়ির মধ্যে এপ্রিল ২০১৮ মাস পর্যন্ত মোট ১৪২টি গাড়ি নিলামে বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট ১৪টি গাড়ি নিলামে বিক্রয়ের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি করার নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট বিভাগ।
০৯.	বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, আইসিটি সেল কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এপ্রিল ২০১৮ মাসে ৪৩২টি অফিস আদেশ, পত্র, নোটিশ ও বিজ্ঞাপন আপলোড করা হয়েছে। সভাপতি বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার জন্য আইসিটি, সেল মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল বিভাগীয় প্রধানকে আইসিটি সেলের চাহিদাকৃত তথ্য সরবরাহ করতে হবে। বিএডিসি'র ওয়েব সাইটে চিঠিপত্র/তথ্যাদি আপলোডের সংখ্যা বৃদ্ধি করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/আইসিটি সেল, মনিটরিং বিভাগ।
১০.	কৃষি ভবনে ই-ফাইলিং চালু সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু করা হয়েছে। এপ্রিল ২০১৮ মাসে ই-ফাইলিং অগ্রগতি হচ্ছে মোট ডাক গ্রহণঃ ৬৪৩ টি, স্ব উদ্যোগে নোটঃ ৩৩৬টি, ডাক/পত্র হতে সৃজিত নোটঃ ২৪৩ টি, পত্র জারির সংখ্যাঃ ৩৯৯ টি, মোট নোটে নিষ্পন্নঃ ২৯০ টি। সভাপতি কৃষি ভবনে ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করার নিমিত্ত প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন	ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু রাখতে হবে। মনিটরিং ও সংস্থাপন বিভাগের নথিসমূহ ই- ফাইলিং এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। ই-ফাইলিং সংক্রান্ত অগ্রগতি সকল বিভাগকে আইসিটি সেলে প্রেরণ করতে হবে।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ/ সংশ্লিষ্ট বিভাগ।
১১.	নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত।	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, নির্ধারিত সময়ের মধ্যে সিটিজেন চার্টার অনুযায়ী বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। সভাপতি মহোদয় সিটিজেন চার্টার অনুযায়ী নাগরিকদের নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে।	সওব্য বিভাগ, সংশ্লিষ্ট সকল বিভাগ।
১২.	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন সংক্রান্ত।	উদ্যান উন্নয়ন বিভাগ হতে সভায় জানানো হয়, ছাদ বাগান বিষয়ে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। এ পর্যন্ত ছাদ বাগানে ফল গাছ ২১টি, ফুল গাছ ৪২ টি, অন্যান্য গাছ ৭১ টি, পান গাছ ৩টি সহ বর্তমানে ছাদ বাগানে ১৩৭ টি গাছ রয়েছে। সভাপতি এ বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার জন্য এএসসি/উদ্যান উন্নয়ন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	এএসসি/উদ্যান বিভাগ।
১৩.	বিএডিসি'র জমি জমা ও	সভায় সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের তথ্য চেয়ে	বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের inventory প্রণয়ন	সাধারণ পরিচর্যা বিভাগ, সংশ্লিষ্ট

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
	স্থাপনাসমূহের inventory প্রণয়ন সংক্রান্ত।	সকল উইং এ পত্র প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ০৬টি বিভাগ হতে তথ্য পাওয়া গিয়েছে। সকল বিভাগ হতে তথ্য পাওয়া গেলে যাচাই বাছাই কমিটি গঠনের মাধ্যমে পূর্ণাঙ্গ inventory প্রণয়ন করা হবে। সভাপতি বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের inventory প্রণয়ন এর নিমিত্ত উইংভিত্তিক তথ্য একত্রিত করে সাধারণ পরিচর্যা বিভাগে প্রেরণ এর নির্দেশনা প্রদান করেন।	এর নিমিত্ত উইংভিত্তিক তথ্য একত্রিত করে সাধারণ পরিচর্যা বিভাগে প্রেরণ করতে হবে।	সকল বিভাগ।
১৪.	সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর আলোকে ডিজিটাল নথি নম্বর প্রণয়ন সংক্রান্ত।	সভায় বিভিন্ন বিভাগ হতে জানানো হয়, সচিবালয় নির্দেশমালা-২০১৪ মোতাবেক ডিজিটাল নথি নম্বর প্রণয়ন ও দাপ্তরিক কাজে ব্যবহার করা হচ্ছে। মনিটরিং বিভাগ হতে জানানো হয়, এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি ও নির্দেশনা বিভিন্ন বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি ডিজিটাল নথি নম্বর প্রণয়ন এর নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি ও সচিবালয় নির্দেশনা বিভিন্ন বিভাগ/দপ্তরে প্রেরণের জন্য আইসিটি সেল, মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন।	-
১৫.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন এর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ (বিএডিসি সংশ্লিষ্ট) পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের জন্য মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। খ. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ (বিএডিসি সংশ্লিষ্ট) পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	ক. সকল বিভাগ। খ. মনিটরিং বিভাগ।
১৬.	বিএডিসি কর্তৃক সৌর প্যানেল স্থাপন সংক্রান্ত।	সভায় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, বিএডিসি কর্তৃক বিভিন্ন এলাকায় এ পর্যন্ত ১৬ টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। কৃষি ভবন, দশমিনা খামার, বরিশাল কেডিসি হিমাগার, ডোমার টিস্যুকালচার ল্যাব, কাশিমপুর, গাবতলী, পাকুন্দিয়া, মিরপুর, দত্তনগর, মধুপুর, উল্লাপাড়া, তাছাড়া রাবার ড্যাম প্রকল্পের আওতায় নালিতাবাড়ী, বিশ্বম্ভরপুর, রাঙ্গুনিয়ায় ২টি সৌর প্যানেল স্থাপন করা হয়েছে । সভাপতি বিএডিসি কর্তৃক স্থাপিত সৌর প্যানেল এর সংখ্যা ও স্থান মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি কর্তৃক স্থাপিত সৌর প্যানেল এর সংখ্যা ও স্থান মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি কর্তৃক স্থাপনকৃত সৌর প্যানেলের সংখ্যা পর্যায়ক্রমে বৃদ্ধি করতে হবে।	নির্মাণ বিভাগ।
১৭.	কৃষি ভবনের তৃতীয় তলায় সেমিনার রুম/ কনফারেন্স রুম স্থাপন সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনের তৃতীয় তলায় সম্মেলন কক্ষ স্থাপনের প্রস্তাব পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	কৃষি ভবনের তৃতীয় তলায় সেমিনার রুম/কনফারেন্স রুম স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ/নির্মাণ বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
১৮.	অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত।	সভায় অডিট বিভাগ হতে জানানো হয়, এপ্রিল ২০১৮ পর্যন্ত ৮৭৮১টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। এছাড়া এপ্রিল ২০১৮ মাসে ০৪টি দ্বিপক্ষীয় সভা ও ০২টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি প্রতিমাসে অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র প্রতিমাসে অডিট আপত্তি, নিষ্পত্তি, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং একই ধরনের অডিট আপত্তি চিহ্নিত করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হতে হবে।	অডিট বিভাগ।
১৯.	কৃষি ভবনে ইঁদুর দমন সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সিদ্ধান্ত মোতাবেক কৃষি ভবনে ইঁদুর দমন এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি কৃষি ভবনে ইঁদুর দমন এর নিমিত্ত যথাযথ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন :	-
২০.	বিএডিসি'র কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র চলতি অর্থ বছরের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মহাব্যবস্থাপক (সার) সভায় জানান, চলতি অর্থ বছরে ১১.৫০ লক্ষ মেঃ টন নন-নাইট্রোজেনাস সার আমদানির লক্ষ্যমাত্রা রয়েছে। মে ২০১৮ পর্যন্ত ১১.৯২ লক্ষ মেঃ টন সার আমদানি করা হয়েছে। উক্ত সময়ে ৮.৪৩ লক্ষ মেঃ টন সার কৃষক পর্যায়ে সরবরাহ করা হয়েছে। মে ২০১৮ পর্যন্ত ৭.৬৯ লক্ষ মেঃ টন সার মজুদ রয়েছে। মহাব্যবস্থাপক (বীজ) সভায় অবহিত করেন যে, চলতি অর্থ বছরে ১.৪৫ লক্ষ মেঃ টন বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে এপ্রিল ২০১৮ পর্যন্ত ৬৩,৮১৮ মেঃ টন বীজ উৎপাদন/সংগ্রহ করা হয়েছে। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ) সভায় জানান যে, চলতি অর্থ বছরে ১.৪১ লক্ষ মেঃ টন বীজ সরবরাহের লক্ষ্যমাত্রা রয়েছে। এপ্রিল ২০১৮ পর্যন্ত ১.৩১ লক্ষ মেঃ টন বীজ কৃষক পর্যায়ে সরবরাহ করা হয়েছে এবং মজুদ রয়েছে ৫১৮.০৪৪ মেঃ টন। মহাব্যবস্থাপক (উদ্যান/এএসসি) সভায় জানান যে, চলতি অর্থ বছরে উদ্যান জাতীয় ফসলের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) ও প্রধান প্রকৌশলী (সওকা) সভায় জানান, ক্ষুদ্রসেচ প্রকল্প ও কর্মসূচির চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি বিএডিসি'র চলতি অর্থ বছরে বীজ, উদ্যান জাতীয় ফসল, সার ও ক্ষুদ্রসেচ কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি চলতি অর্থ	চলতি অর্থ বছরে বিএডিসি'র সার, বীজ, উদ্যান জাতীয় ফসল ও ক্ষুদ্রসেচ কার্যক্রমের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। এছাড়া, চলতি অর্থ বছরে বিএডিসি কর্তৃক ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন/সংগ্রহের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (বীজ/উদ্যান/সার/এএসসি), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা), অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ)।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		বছরে বিএডিসি কর্তৃক ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন/সংগ্রহের লক্ষ্যমাত্রা এবং অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।		
২১.	বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা সংক্রান্ত।	সভায় বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জনসংযোগ বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি'র লেখক পুলের তালিকা কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি'র সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশ করতে হবে।	জনসংযোগ বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগ।
২২.	বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর বিস্তারিত আলোচনা করা হয়। বিএডিসি'র গবেষণা সেল হতে জানানো হয়, বিএডিসিতে রাজস্ব অর্থায়নে ০৪টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে ৬৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মার্চ ২০১৮ পর্যন্ত অর্থ ছাড় হয়েছে ৩১.৫০ লক্ষ টাকা। এ পর্যন্ত ব্যয় হয়েছে ৩০.৫০ লক্ষ টাকা। ৩য় ও ৪র্থ কিস্তির ছাড়ের জন্য বিএআরসি'র মাধ্যমে প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে জোরদার করার জন্য বিএডিসি'র সকল গবেষককে অনুরোধ করেন। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বিএডিসি'র গবেষণা সেলকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে আরো গতিশীল ও ফলপ্রসূ করতে হবে।	প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি।
২৩.	বিএডিসি কর্তৃক গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত।	সভায় হিসাব বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণ প্রদানের বিষয়ে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি বিএডিসিতে গৃহ নির্মাণ ঋণ চালু করার জন্য হিসাব বিভাগ, অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসিতে গৃহ নির্মাণ ঋণ চালু করার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	হিসাব বিভাগ, অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট কমিটি।
২৪.	বিএডিসি কর্তৃক বৃক্ষরোপন উৎসব পালন সংক্রান্ত।	এএসসি বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি কর্তৃক বৃক্ষরোপন উৎসব পালন এর বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি বিএডিসি কর্তৃক বৃক্ষ রোপন উৎসব পালনের নিমিত্ত প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি কর্তৃক বৃক্ষ রোপন উৎসব পালনের নিমিত্ত প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগ ও সংশ্লিষ্ট কমিটি।
২৫.	কৃষি ভবনের সার্কিট রুমে এবং বিভিন্ন ফ্লোরের বৈদ্যুতিক সরঞ্জাম মেরামত সংক্রান্ত।	সভায় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, কৃষি ভবনের বিভিন্ন ফ্লোরে বৈদ্যুতিক সাব কন্টোল রুমে একটি করে মেইন সুইচ লাগানোর কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সভাপতি কৃষি ভবনের বৈদ্যুতিক নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের সার্কিট রুমে এবং বিভিন্ন ফ্লোরের বৈদ্যুতিক সরঞ্জাম মেরামতসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	নির্মাণ বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
২৬.	কৃষি ভবনে বিভিন্ন ফ্লোরে অবস্থিত টয়লেটসমূহ সংস্কার সংক্রান্ত।	সভায় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, ইতোমধ্যে ৪ ও ১০ তলার টয়লেট সংস্কার করা হয়েছে। পর্যায়ক্রমে সকল ফ্লোরের টয়লেটসমূহ সংস্কার/ আধুনিককরণ করা হবে। সভাপতি কৃষি ভবনে বিভিন্ন ফ্লোরে অবস্থিত টয়লেটসমূহে প্রয়োজনীয় সংস্কারের বিষয়ে নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনে বিভিন্ন ফ্লোরে অবস্থিত টয়লেটসমূহ প্রয়োজনীয় সংস্কার করতে হবে।	নির্মাণ বিভাগ।
২৭.	কৃষি ভবনের সম্মুখে গাড়ি পার্কিং সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে কৃষি ভবনের বেজমেন্ট পার্কিং এরিয়ায় পার্কিং স্থান নির্ধারণ সংক্রান্ত স্মারক নং ১৮২৬ তারিখ ০৮ মে ২০১৮ মোবাবেক একটি অফিস আদেশ জারি করা হয়েছে। সভাপতি কৃষি ভবনের সম্মুখে গাড়ির রাখার স্থান নির্ধারণ এবং রাস্তায় পার্কিং এরিয়ার বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের সম্মুখে গাড়ির রাখার স্থান নির্ধারণ এবং রাস্তায় পার্কিং এরিয়ার বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ।
২৮.	যশোর অঞ্চলের নড়াইল ও মাগুরা সার গুদাম ক্যাম্পাসে ক্ষুদ্রসেচ উইং এর জোন অফিস ভবন নির্মাণ সংক্রান্ত।	সভায় প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) জানান যে, সার ব্যবস্থাপনা বিভাগ হতে জায়গা হস্তান্তরের পত্র পাওয়া গেছে। এ বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হবে। সভাপতি যশোর অঞ্চলের নড়াইল ও মাগুরা সার গুদাম ক্যাম্পাসে ক্ষুদ্রসেচ উইং এর জোন অফিস ভবন নির্মাণের জন্য ক্ষুদ্রসেচ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	যশোর অঞ্চলের নড়াইল ও মাগুরা সার গুদাম ক্যাম্পাসে ক্ষুদ্রসেচ উইং এর জোন অফিস ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ক্ষুদ্রসেচ বিভাগ।
২৯.	সংস্থার বিভিন্ন দপ্তর/বিভাগ/ শাখা পরিদর্শন সংক্রান্ত।	সভাপতি কৃষি ভবনের বিভিন্ন দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। সভাপতি স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তাঁর দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শনের জন্য নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তাঁর দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন করতে হবে। দপ্তর/বিভাগ/শাখার সমস্যাসমূহ মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সকল উইং ও বিভাগীয় প্রধান।

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০৬/১৮

মোঃ নাসিরুজ্জামান
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
মাসিক সমন্বয় সভা।